ঝিনাইদহে প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফল পুন:মুল্যায়নের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০১৯ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফলে জালিয়াতিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও খাতা পুন:মুল্যায়নের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে এ কর্মসূচী পালন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা অংশ নেয়।

এসময় তারা অভিযোগ করেন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার খাতা উপজেলার মহেশপুরে পাঠানো হয়েছে যা ফাঁস হয়েছিল। এতে অসাধু শিক্ষকরা শিক্ষার্থীদের কম নাম্বার দিয়েছে।
এসময় তারা খাতা পুন:মুল্যায়নের দাবী জানান। পরে শিক্ষার্থীরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট তাদের দাবী জানান।

মেপ্র/আরজেএম

আলমডাঙ্গায় আইন শৃঙ্খলা কমিটির মাসিক সমন্বয় সভা অনুষ্টিত

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে আইন শৃঙ্খলা কমিটির মাসিক সমন্বয় সভা অনুষ্টিত হয়েছে।
গতকাল সকাল ১০ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে সভা অনুষ্টিত হয়। উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলীর সভাপতিত্বে, অনুষ্ঠানে

রহমান, প্রেসক্লাব সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা, প্রকল্প কর্মকর্তা এনামুল হক, মহিলা কলেজের অধ্যক্ষ সালাউদ্দিন, উপাধ্যক্ষ শামিম রেজা, পরাষদের সদস্য কল্পনা খাতুন, সুফিয়া খাতুন, প্রমুখ।

সভায় থানার অফিসার ইনচার্জ সহ বক্তাগণ বর্তমানে আইন শৃঙ্খলা পরিস্থি মনিটরিং জোরদার করার অনুরোধ করেন, এ ছাড়াও আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নত রাখতে নিরবিছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার জন্য বিদ্যুৎ বিভাগকে অনুরোধ করেন, থানা অফিসার ইনচার্জ বলেন আজকের

এই সভা আলমডাঙ্গায় আমার কর্মজীবনের শেষ সভা, আমি চুয়াডাঙ্গায় বদলী হয়েছি, তবে আপনাদের কথা চিরদিন মনে থাকবে।

আলমডাঙ্গা প্রতিনিধি

আলমডাঙ্গা অফিসার্স ওয়েল ফেয়ার ক্লাবের পক্ষ থেকে ওসিকে বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা উপজেলা অফিসার্স ওয়েল ফেয়ার ক্লাবের পক্ষ থেকে আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ মুন্সি আসাদুজ্জামানকে বিদায় সংবর্ধনা প্রদান করা হয়েছে।
গতকাল সাড়ে ১১টার দিকে উপজেলা পরিষদ হলরুমে বিদায় সংবর্ধনা সভায় সভাপতিত্ব করেন অফিসার্স ক্লাবের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার মো: লিটন আলী।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। তিনি বলেন একজন অফিসার যোগদান করার ৮ মাসের মধ্যে বদলী হলে সে কাজ করবে কি ভাবে, একজন ভাল মানুষ হিসেবে আসাদুজ্জামানের সুনাম ছিল, আমি তার মঙ্গল কামনা করছি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান খন্দকার

সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সম্পাদক সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দিনের উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, প.প. কর্মকর্তা হাসানুজ্জামান, যুব উন্নয়ন কর্মকর্তা আনিসুজ্জামান, বিআরডিবি কর্মকর্তা সায়লা সারমিন, মৎস কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আখি, উপজেলা শিক্ষা কর্মকর্তা আব্দুল বারি, প্রাণী সম্পদ কর্মকর্তা ডা: আব্দুল্লাহিল কাফি, জেলা ইউপি চেয়ারম্যান সমিতির সভাপতি নুরুল ইসলাম, সম্পাদক এ্যাড: আব্দুল মালেক, উপজেলা চেয়ারম্যান সমিতির সভাপতি কাউছার আহম্মেদ বাবলু, সম্পাদক নুরুল ইসলাম নুরু, টিএইএ ডা. হাদী জিয়াউদ্দিন আহম্মদ, প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ্ আলম মন্টু, সম্পাদক বীর মুক্তিযোদ্ধা হামিদুল ইসলাম আজম, উপজেলা প্রকল্প কর্মকর্তা এনামুল হক, মৎস স¤প্রসারণ কর্মকর্তা আব্দুল মালেক প্রমুখ।

উল্লেখ্য ওসি আসাদুজ্জামান চুয়াডাঙ্গা এসপি অফিসে বদলী হয়েছেন। সে বক্তব্য রাখতে গিয়ে বলেন আমি আলমডাঙ্গা উপজেলায় চাকরি করে সথেষ্ট স্বাচ্ছন্দ বোধ করেছি। অত্র উপজেলার মানুষের সাথে কাজ করে যথেষ্ট শিক্ষা লাভ করতে সক্ষম হয়েছি, আমি আলমডাঙ্গার কথা চিরদিন স্বরন রাখব।

উপজেলা নির্বাহী অফিসার বলেন আমরা চাকরি করতে গিয়ে প্রথমেই শপথ করি চাকরির স্বার্থে যে কোন জায়গায় বদলি করলে চারকির স্বার্থে সেখানেই যাব, থানা অফিসার ইনচার্জ খুব দায়িত্ববান ছিলেন, সব সময় সহযোগীতা পেয়েছি, খুব ভাল মানুষ ছিলেন, আমি তার সার্বিক মঙ্গল কামনা করি। আলমডাঙ্গার চুয়াডাঙ্গাতেও সঠিক ভাবে দায়িত্ব পালন করবেন। অনুষ্ঠান শেষে অফিসার্স ক্লাবের পক্ষ থেকে তাকে উপহার প্রদান করা হয়।

আলমডাঙ্গা প্রতিনিধি

জীবননগরে হেরোইনসহ এক ভারতীয়

নাগরিক আটক

জীবননগর সীমান্ত থেকে মাদকদ্রব্য হেরোইনসহ মাদক ব্যবসায়ী জাবের মালিতা (৪২) নামের এক ভারতীয় নাগরিককে আটক করেছে বিজিবি।
গত মঙ্গলবার সন্ধা ছয়টার সময় তাকে জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গয়েশপুর গ্রাম থেকে আটক করা হয়। তার কাছ থেকে ছয় পুরিয়া হেরোইনট একটি সিমসহ মোবাইল ফোনও একটি ভারতীয় পাসপোর্ট জব্দ করা হয়। রাতে তাকে জীবননগর থানায় সোর্পদ করা হয়েছে।

গত মঙ্গলবার দিবাগত রাত সোয়া ১০টার ৫৮বিজিবির সহকারী পরিচালক মো.নজরুল খান এক প্রেস বিঞ্জপ্তির মাধ্যমে জানান,ভারতের কৃষ্ণগঞ্জ,থানার মেটেরি গ্রামের সাহাব আলী মালিতার ছেলে জাবের মলিতা মঙ্গলবার সন্ধ্যায় মাদকদ্রব্যসহ অবৈধভাবে জীবননগর সীমান্তের ৬৯ নম্বর পিলার হতে ৪শ গজ বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করে ।

গোপন সংবাদের ভিক্তিত্বে বিজিবি সদস্যরা জাবের মালিতাকে চ্যালেঞ্জ করে তার কাছে থাকা ছয় পুরিয়া হেরোইন, ভারতীয় পাসপোর্ট ও মোবাইল ফোন জব্দ করেন । তাকে জীবননগর থানা পুলিশের হাতে সোর্পদ করা হয়েছে।

জীবননগর প্রতিনিধি

জীবননগর ও আলমডাঙ্গায় বিশ্ব খাদ্য দিবস ও ইদুর নিধন দিবস পালিত

জীবননগরে বিভিন্ন অনুষ্ঠান ও উদ্দীপনার মধ্যে দিয়ে বিশ্ব খাদ্য দিবস ও ইঁদুর নিধোন দিবস পালিত হয়েছে। গতকাল বুধবার সকাল সাড়ে ১০টায় বিশ্ব খাদ্য দিবস ও ইঁদুর নিধোন দিবস উপলক্ষে উপজেলা পরিষদ থেকে একটি বর্ণাঢ্য র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক

উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর প্রতিনিধি

পুলিশের ধাওয়া খেয়ে দুর্ঘটনার কবলে ফেনসিডিলবাহী ট্রাক:: চালক ও সহকারি আহত

চুয়াডাঙ্গার জীবননগরে ফেনসিডিলবাহী একটি ট্রাক পুলিশের ধাওয়া খেয়ে দূর্ঘটনার কবলে পড়েছে। এতে আহত হয়েছে ওই ট্রাকের চালক ও তার সহকারি। পরে পুলিশ ট্রাক থেকে ৪০৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

আহত চালক মো. ইমন (৩২) ও সহকারি মো. ফাহিমকে (১৮) আটক করেছে পুলিশ। তারা পুলিশী প্রহরায় হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। দুজনেই ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর গ্রামের বাসিন্দা। সোমবার ভোরে এ ঘটনা ঘটে।

জীবননগর থানার পরিদর্শক (ওসি তদন্ত) ফেরদৌস ওয়াহিদ জানান, ভোর ৪টার দিকে জীবননগর উপজেলার সন্তোষপুর মোড়ে একটি ট্রাক (ঢাকামেট্রো-ট-১৮-৪১৮৬) থামিয়ে তল্লাশী শুরু করে পুলিশ। হঠাৎ ট্রাকটি দ্রুতবেগে পালিয়ে যায়। পুলিশও পিছু নেয়। পরে ঝিনাইদহের কোটচাঁদপুর বলুহর মোড়ে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি গাছের সাথে ধাক্কা মারে।
মেপ্র/ চুয়াডাঙ্গা প্রতিনিধি

দামুড়হুদা ও দর্শনায় পৃথক অভিযানে ইয়াবা ও ফেন্সিডিলসহ ৩ জন আটক

দামুড়হুদা মডেল থানা পুলিশ ও দর্শনা পুলিশ পৃথক মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩ বোতল ফেনসিডিল ও ৫০ পিচ ইয়াবা ট্যাবলেট সহ ৩ জন কে আটক করেছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে দামুড়হুদা মডেল থানা পুলিশের ইনচার্জ সুকুমার বিশ্বাস এর নেতৃত্বে এস আই সাইফুল ইসলাম গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালান আরামডাঙ্গা গ্রামে। এ সময় পুলিশ দামুড়হুদা উপজেলার কার্পাডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের রাস্তার উপর থেকে ইয়াবা ব্যাবসায়ী আমির হোসেনের ছেলে মোহাম্মদ তারিক (৩৭) ও চন্দ্রবাস গ্রামের আঃ জলিলের ছেলে মাহব্◌ুুর (২১) কে ৫০ পিস ইয়াবা ট্যাবলেট সহ আটক করে।

অপরদিকে, দর্শনা পুলিশের ইনচার্জ শেখ মাহবুবুর রহমান গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় দর্শনা গার্লস স্কুলের সমানে। এ সময় পুলিশ দর্শনা পৌর সভার ইসলাম বাজারপড়ার রাজিব (২২) কে ৩ বোতল ভারতীয় ফেনসিডিল সহ আটক করে। গতকালই তাদের বিরুদ্দে মাদক আইনে মামলা দিয়ে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

দর্শনা প্রতিনিধি

বিয়ের খবরে মাথা নষ্ট প্রেমিকার আলমডাঙ্গায় প্রেমিক

নাতির গোপনাঙ্গ কর্তনের অভিযোগ

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় পরকীয়া প্রেমিকের গোপনাঙ্গ কর্তণের অভিযোগ উঠেছে সখের বানু (৩০) নামের এক নারীর বিরুদ্ধে। জখম প্রেমিক চরপাইকপাড়া গ্রামের গোলাম রসুলের ছেলে মানিক (২২) বর্তমানে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

পরকীয়া প্রেমিকের বিয়ের খবরে সোমবার রাতে নিজ ঘরে ডেকে নিয়ে এমন কান্ড ঘটায় ওই নারী। মঙ্গলবার মানিক স্থানীয় শেফা ক্লিনিকে চিকিৎসা নিতে গেলে বিষয়টি জানাজানি হয়।

এলাকাবাসী জানায়, চরপাইকপাড়া গ্রামের সাজ্জাদ হোসেন স্বচ্ছল জীবনের আশায় বছর দেড়েক আগে মালয়েশিয়া যান। এরপর সাজ্জাদের স্ত্রী সখের বানু প্রতিবেশী মানিকের সাথে পরকীয়া সম্পর্ক গড়ে তোলেন। সম্প্রতি মানিকের পরিবার তার বিয়ের জন্য মেয়ে দেখা শুরু করলে সখের বানু হতাশ হয়। তিনি কৌশলে সোমবার রাতে মানিককে তার ঘরে ডেকে নেয়। এ সময় সে ধারালো ব্লেড দিয়ে মানিকের গোপনাঙ্গ কর্তন করে। এ সংবাদ লেখার সময় পর্যন্ত মানিকের পরিবার থানায় মামলা দায়ের প্রস্তুতি নিচ্ছিলেন বলে জানা গেছে।

শেফা ক্লিনিক কর্তৃপক্ষ জানান, ধারালো কোনো অস্ত্র দিয়ে মানিকের গোপনাঙ্গ কর্তন করা হয়েছে বলে প্রাথমিক ভাবে মনে হয়েছে। তার উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।